# জুলাই/২০২২ মাসে অনুষ্ঠিত লালপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| তারিখ | : | ১৩ জুলাই ২০২২, সময় : সকাল-১১.৩০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালপুর, নাটোর |
| সংযুক্ত সদস্য | : | ৩০ জন। |

সভার শুরুতে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। গত ১৭/০৭/২০২২ তারিখ জনাব দেবাশীষ বসাক, সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর এ উপজেলায় যোগদান করায় তাকে স্বাগত জানানো হয়। বর্তমানে করোনা বৃদ্ধি পাচ্ছে। তাই করোনা প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার এবং মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়। এরপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ, লালপুর, নাটোরকে করোনা বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **করোনা ভাইরাস প্রতিরোধঃ**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর জানান যে, বর্তমানে করোনা নিয়ন্ত্রণে রয়েছে। তবে লালপুর উপজেলায় নতুন করে করোনা আক্রান্ত রোগী পাওয়া গেছে। আক্রান্ত রোগী হোম আইসোলেশনে আছেন এবং সুস্থ আছেন। তিনি আরো জানান যে, হাসপাতালে করোনার ভ্যাকসিন প্রদান অব্যাহত রয়েছে। সকলকেই স্বাস্থ্যবিধি বজায় রেখে চলাচল করার এবং বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করার পরমর্শ দেওয়া হলো। | ১. করোনা প্রতিরোধে সকলকে ভ্যাকসিন/ টিকা গ্রহণ করতে হবে।<br>২. করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাচল করা এবং বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোরসহ চেয়ারম্যান সকল ইউপি, লালপুর, নাটোর। |
| ২. | **অপরাধ দমনঃ-**<br>সভায় অফিসার ইনচার্জ অনুপস্থিত তবে তার প্রতিনিধি উপস্থিত। উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান এবং জনপ্রতিনিধি উপজেলা আইন-শৃংখলা কমিটির মাসিক সভায় উপজেলার আইন-শৃংখলা সংক্রান্ত বিষয়ে অবহিত হওয়ার জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানার উপস্থিতি আবশ্যক বলে মতামত ব্যক্ত করেন।<br>লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ও অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে অফিসার ইনচার্জ, লালপুর থানার প্রতিনিধি এস আই হুমায়ুন জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন গত জুন/২০২২ মাসে মোট ৪৫টি মামলা হয়েছে। তন্মধ্যে মাদক সংক্রান্ত-২৫টি; নারী ও শিশু নির্যাতন আইনে-০৪টি; চুরি-০৩টি; সড়ক দুর্ঘটনা-০৩টি এবং অন্যান্য মামলা-১০টি। অপরাধীদের গ্রেফতারে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত জনাব মোঃ শাহ আলম সেলিম, সম্পাদক, মডেল প্রেস ক্লাব, লালপুর, নাটোর সভায় জানান যে, এ উপজেলার নর্থ বেঙ্গাল সুগার মিলস এলাকায় প্রায়ই চুরিসহ বিভিন্ন অপরাধ সংগঠিত হতে দেখা যায়। তাই তিনি নর্থ বেঙ্গাল সুগার মিলস এলাকায় পুলিশ ফাঁড়ি স্থাপনের প্রস্তাব উথাপন করেন। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। অপরাধ দমনে এবং মাদক, সন্ত্রাস/ জঙ্গীবাদসহ চুরি/ডাকাতি প্রতিরোধে পুলিশ বিভাগের তৎপরতা আরো বৃদ্ধির পরামর্শ দেওয়া হয় এবং জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতার অনুরোধ জানানো হয়। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানাকে উপজেলা আইন-শৃংখলা কমিটির মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পরামর্শ দেওয়া হলো।<br>২. মাদক এবং অন্য যে কোন ধরণের অপরাধীদের সম্পর্কে তথ্য জানতে পারলে সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানাতে হবে।<br>৩.অপরাধ প্রতিরোধসহ মাদক/ ডাকাতি/ ছিনতাই/চুরি প্রতিরোধে পুলিশি অভিযান বৃদ্ধি করতে হবে।<br>৪. অপরাধীদের আইনের আওতায় আনার জন্য জনপ্রতিনিধিসহ সকলকে সার্বিক সহযোগিতার পরামর্শ দেওয়া হলো।<br>৫. নর্থ বেঙ্গাল সুগার মিলস এলাকায় পুলিশ ফাঁড়ি স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে বিষয়টি অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | ৪. ডেপুটি জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, লালপুর সভায় জানান যে, রাশিয়া- ইউক্রেন যুদ্ধের কারণে জ্বালানীর মূল্য বৃদ্ধির কারণে বর্তমানে বিদ্যুৎ এর লোডশেডিং হচ্ছে। তিনি আরও বলেন যে, কিছু দিন পরই পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে বলে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে বর্তমানে বিশ্ব পরিস্থিতির কারণে সৃষ্ট সাময়িক লোডশেডিং এ ধৈয্য ধারণ করার পরামর্শ দেন এবং সাময়িক সময়ের জন্য সৃষ্ট সমস্যা নিয়ে কেউ যেন কোন বিশৃংখলা করতে না পারে এ বিষয়ে আইন-শৃংখলা বাহিনীসহ সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। | ১. বর্তমানে বিশ্ব পরিস্থিতির কারণে সৃষ্ট লোডশেডিং এ ধৈয্য ধারণ করার পরামর্শ দেওয়া হলো।<br>২. সাময়িক সময়ের জন্য সৃষ্ট সমস্যা নিয়ে কেউ যেন কোন বিশৃংখলা করতে না পারে এ বিষয়ে আইন-শৃংখলা বাহিনীসহ সকলকে সতর্ক থাকতে হবে। | অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর, লালপুর, নাটোর |
| | ৫. সভায় উপস্থিত চেয়ারম্যান, ০৭ নং ওয়ালিয়া ইউপি, ঈদ পরবর্তী শুভেচ্ছা জানিয়ে বলেন যে, সাংবাদিকগণকে সমাজের সেবামূলক কার্যক্রম তাদের লেখার মাধ্যমে তুলে ধরার পরামর্শ দেন। অপরদিকে ওয়ালিয়া ত্রিমোহনীতে মাঝে মাঝেই দুর্ঘটনা ঘটে। তিনি ত্রিমোহনীতে রাস্তার পরিসর বাড়ানোর জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। সভায় উপস্থিত উপাধ্যক্ষ জনাব মোঃ মানিক উদ্দিন জানান যে, গোপালপুর বাজারে অবৈধ দখলদারের কারণে সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ মনোয়ার হোসেন বিষয়টি সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১. ওয়ালিয়া ত্রিমোহনীতে দূর্ঘটনা প্রতিরোধে রাস্তার পরিসর বৃদ্ধি করা যায় কিনা বিষয়টি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।<br>২. গোপালপুর বাজারে অবৈধদখলদারদের বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল।<br>২. সহকারী কমিশনার(ভূমি), লালপুর এবং সভাপতি, গোপালপুর বাজার বণিক সমিতি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**
**( শামীমা সুলতানা )**
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০৬.০০১.২০-৭৮১

০৩ শ্রাবণ ১৪২৯
১৮ জুলাই ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১. মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৫. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
৬. চেয়ারম্যান..............................ইউপি, লালপুর, নাটোর।
৭. ..............................................................................

18/07/2022

**( শামীমা সুলতানা )**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
লালপুর, নাটোর।